

মাথামোটা:

আমাদের চারিপাশে অনেক মজার মানুষ দেখতে পাওয়া যায়, যারা নিজেদের নিয়েও মজা করতে পারে। সেই সকল মানুষদের উৎসর্গ করে এই গানটি।

ছাত্র জীবনে সকলেই যে খুব বুদ্ধিমান হয়, তা তো নয়। কেউ কেউ তুলনামূলক ভাবে হয়তো একটু পিছিয়ে পড়ে। কিন্তু মানসিক চাপ না নিয়ে যারা মজা করে পরীক্ষা ব্যাপারটা উপভোগ করতে পারে, তাদের কাছে সব চরিত্রগুলো কেমন সহজ হয়ে যায়, সেই কথা ভেবে এই গানের ছত্র গুলি রচিত।

আমি একজন মাথামোটা মাথায় কিছু ঢোকে না -

মাস্টারমশাই কি যে পড়ান কিছুই বুঝতে পারিনা ॥

সেদিন ছিল বাংলার ক্লাস মাস্টারমশাই ক্লাসে এলেন -

ক্লাসে এসেই মাস্টারমশাই প্রশ্ন উত্তর শুরু করলেন ॥

বলো শুনি সন্ধিবিচ্ছেদ শব্দটা ওই বিদ্যালয়

বলো শুনি সন্ধিবিচ্ছেদ শব্দটা ওই বিদ্যালয়

আর ঝটপট উঠে শেখর বলে বিদ্যা যুক্ত আলায়

মাস্টারমশাই বেজায় খুশি বলেন শেখর খুব ভালো -

নীল এবার তোমার পালা এর সূত্রটা তো তুমিই বলো ॥

আমিও ঝপট বলে দিলাম সূত্র যুক্ত উত্র -

মাস্টারমশাই শুনে অবাক বলেন " বাহ্ রে বাহ্ পন্ডিতের পুত্র " ॥

উত্তর শুনে চোটে গেলেন বাংলার মাস্টারমশাই -

আর সঙ্গে সঙ্গে শুরু হলো যে উত্তম মধ্যম ধোলাই,

ধোলাই আমার ধোলাই, কি যে বলি বেজায় ধোলাই ॥

এমনি করে দিন সপ্তাহ মাস চলে যাই আমার -

ছয় মাস পর সুর হলো পরীক্ষা যে আবার ॥

সেদিন ছিল কঠিন বিষয় নামটি তার যে বিজ্ঞান -

যার নামটি শুনলেই হয়ে যাই আমি তৎক্ষণাৎই অজ্ঞান।।
তবুও সেজে গুজে আমি চললাম পরীক্ষা দিতে -
ক্লাসে গিয়েই পড়লাম আমি চরম এক বিপদে ।।
ইনভিজেলারটোর খুব কড়া অশোক মাস্টারমশাই -
কি করবো কি লিখবো ধুর এবার আমি পালাই ।।
অশোক বাবু বলেন আমায় " ছাত্র তুই কত ধূর্ত -
দাঁড়িয়ে আছি পেছনেই তোর টুকলি করে দেখাতো ? "।।
শেখর ও কিন্তু সেদিন কিছুই পারলোনা দেখাতে আমায়
কি করবো কি লিখবো আর একেবারে গোল্লায় গোল্লায় আমি গোল্লায় ।।

শেষের ঘন্টা বেজে গেলো কিছুই করতে পারলাম না -
সাদা খাতা জমা দেব সেটাও তো আর হয় না ।।
" ঘাঁটি খেয়ে হয়েছি মাটি কিছুই লিখতে পারলাম না -
মাস্টারমশাই দয়া করে আমায় কিন্তু শূন্য দেবেন না " ।।
এমনি করে ঝটপট আমি দুটি লাইন লিখলাম -
আর দুটি লাইন লিখে আমি খাতা জমা দিয়ে দিলাম ।।

পরীক্ষা শেষে বাড়িতে আমি ফিরি মহা আনন্দে -
মাকে দেখি পূজায় মগ্ন ধূপ ধূনার সুগন্ধে ।।
মা আমার জিজ্ঞেস করেন পরীক্ষা কেমন তোমার হলো -
প্রশ্ন ছিল যেমন তেমন তবে লিখেছি খুব ভালো ।।
তবে কি বলি মা ফেল করলেও পাস পাস করলেও ফেল -
এই কথা শুনে গুড়ুম হলো আমার মায়ের আক্কেল ।।
বাক্য বানে মায়ের আমার মাথা হলো গন্ডগোল -

হটাৎ করে মা বলে ওঠে বোলো হরি হরি বোল ॥